

২০২০

**বাংলা — সাধারণ**

**ত্রুটীয় সেমেষ্টার**

**পত্র : CC/GE-3**

(বাংলা কাব্যকবিতা ও নাটক)

**পূর্ণমান - ৬৫**

প্রাঞ্চলিথিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
উভয় যথাসন্তুষ্ট নিজের ভাষায় লেখা বাহ্যনীয়।

- ১। (ক) ‘পূর্বরাগ’ কী? ‘পূর্বরাগ’ পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তোমার পাঠ্য পদ অবলম্বনে তাঁর কবিকৃতিত্বের পরিচয় দাও। ৩+১+৬  
 অথবা;  
 (খ) “নীরদনয়নে নীর ঘন সিঞ্চনে” — পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। ১০
- ২। (ক) ‘সাধারণ মেয়ে’ কবিতায় বঙ্গ শরৎবাবুর কাছে কীরকম গল্প লিখতে অনুরোধ করেছে তা নিজের ভাষায় লেখো। ১০  
 অথবা;  
 (খ) ‘কেউ কথা রাখেনি’ কবিতায় বঙ্গার আশাহত হওয়ার কারণগুলি নিজের ভাষায় লেখো। ১০
- ৩। (ক) ‘রাজা ও রানী’ নাটক অবলম্বনে রাজা বিক্রিমদেবের চরিত্রটির পরিচয় দাও। ১০  
 অথবা;  
 (খ) ‘রাজা ও রানী’ নাটকের বিভিন্ন চরিত্রের সংলাপের বৈশিষ্ট্য আলোচনা করো। ১০
- ৪। (ক) “গাগরি বারি ঢারি করি পীছল / চলতহি অঙ্গুলি চাপি” — প্রসঙ্গ নির্দেশ করে তাৎপর্য ব্যাখ্যা করো। ৫  
 অথবা;  
 (খ) “আধ জনম হাম নিন্দে গোঙায়লুঁ/জরা শিশু কতদিন গেলা” — উক্তিটির তাৎপর্য কী? ৫
- ৫। (ক) “আধমরা হয়েও রেঁচে ওঠে” — কার কথা বলা হয়েছে? সে কেন আধমরা হয়েছিল? ১+৪  
 অথবা;  
 (খ) “দিনের ভাগাড়ে নামে রাত্রের শুরুন” — একথা কেন বলা হয়েছে? ৫
- ৬। (ক) “অস্তরে প্রেয়সী তব, বাহিরে মহিয়ী।” — উক্তিটির তাৎপর্য সংক্ষেপে লেখো। ৫  
 অথবা;  
 (খ) “যুদ্ধ বীরধর্ম বটে ক্ষমা তার চেয়ে/বীরত্ব অধিক” — বঙ্গ একথা কেন বলেছেন? ৫

৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

- (ক) “বঁধু তুমি যে আমার প্রাণ” — বক্তা একথা কেন বলেছেন সংক্ষেপে লেখো।
- (খ) “লোহার-গরাদ দেওয়া একতলা ঘর” — ঘরটির বর্ণনা দাও।
- (গ) “সন্ধি নহে — যুদ্ধ চাই আমি।” — প্রসঙ্গ নির্দেশ করে উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও।

১×১৫

- (ক) “দাঁড়াইয়া নন্দের আগে গোপাল কান্দে অনুরাগে” — পদটি কার লেখা?
  - (খ) “দরশ পরশ লাগি আউলাইছে গা” — ‘আউলাইছে’ শব্দটির অর্থ কী?
  - (গ) “তহি অতি দূরতর বাদর দেল” — অংশটি চলিত গদ্যে লেখো।
  - (ঘ) “বুঝিতে নারিনু বন্ধু তোমার পিরীতি” — ‘নারিনু’ শব্দটির অর্থ কী?
  - (ঙ) “সথি কি পুছসি অনুভব মোয়” — এটি কোন পর্যায়ের পদ?
  - (চ) ‘প্রথম পূজা’ কবিতায় উক্ত নৃপতির নাম কী?
  - (ছ) ‘ছেলেটা’ কবিতায় ছেলেটার বয়স কত?
  - (জ) “যারা সারা দিন রোদ্রে খাটে, সারা রাত ঘুমুতে পারে না” — কোন কবিতার অংশ?
  - (ঝ) ‘দেশ দেখাচ্ছ অন্ধকারে’ কবিতায় আলপথের পাশে কোন গাছের উপস্থিতির কথা বলা হয়েছে?
  - (ঝঃ) বোষ্টুমি কবে অন্তরাটুকু শুনিয়ে যাবে বলেছিল?
  - (ট) ‘রাজা ও রানী’ নাটকে কাশ্মীরের রাজার নাম কী?
  - (ঠ) ‘রাজা ও রানী’ নাটকের কয়টি অঙ্ক ও কয়টি দৃশ্য?
  - (ড) শাস্ত্রহীন ব্রাহ্মণ কে ছিলেন?
  - (ঢ) ‘রাজা ও রানী’ নাটকের প্রথম অঙ্কের দ্বিতীয় দৃশ্যে নানা পেশার মানুষের কথা রয়েছে। এই অংশে কোন্ তাঁতির কথা রয়েছে?
  - (ণ) ‘রাজা ও রানী’ নাটকে জালন্ধরের মহিয়ীর নাম কী?
-